কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ৮৯০০৩৫৮।
ই-মেইল: rebdpa@gmail.com

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১২৮.২০- ১০৪২

তারিখঃ ০২ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
১৭ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

# নোটিশ

**বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে নিয়োগ প্রসঙ্গে।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে গত ১০-১১-২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য থেকে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে বাপবিবো কর্তৃক চূড়ান্তভাবে নিয়োগের জন্য নির্বাচন করা হয়েছেঃ

| ক্র. নং | নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর | নির্বাচিত প্রার্থীদের নাম | যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ০১. | ৪০০১৯২১ | জনাব মোঃ আরিফুর রহমান খান | ২৫-১১-২০২০ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে। |
| ০২. | ৪০০১৫৬২ | জনাব মুশফিকুর রহমান খান | |
| ০৩. | ৪০০০৪৮৬ | জনাব মোঃ বদিরুল ইসলাম | |
| ০৪. | ৪০০১২৩৮ | জনাব রনী বর্মন | |
| ০৫. | ৪০০০৫৩১ | জনাব মোঃ আশিকুর রহমান | |
| ০৬. | ৪০০১০১৯ | জনাব মোঃ সারোয়ার জাহান | |
| ০৭. | ৪০০১৯২৪ | জনাব অনুপ তালুকদার | |
| ০৮. | ৪০০০৪৫৭ | জনাব মোঃ বায়েজিদ হক | |

নির্বাচিত প্রার্থীদের বরাবরে নিম্নবর্ণিত শর্তসমূহ উল্লেখপূর্বক ডাকযোগে নিয়োগ পত্র প্রেরণ করা হয়েছে।

## নিয়োগ পত্রের শর্তাবলী

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ও এডহক ভিত্তিতে বোর্ড-এর প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় ভাতাসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ মোতাবেক ৳ ৯৩০০-২২৪৯০/= টাকা বেতনক্রমে (গ্রেড-১৬) নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলোঃ

০১। চাকুরীতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর আপনি শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। আপনার চাকুরী ততক্ষণ পর্যন্ত স্থায়ী হবে না যতক্ষণ না বোর্ড সংশ্লিষ্ট প্রবিধানমালার আদেশবলে, সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে, উক্ত সময়কাল কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী অনূর্ধ্ব ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হতে পারে। তাছাড়াও, বোর্ড কর্তৃক পুলিশ বিভাগ হতে আপনার চরিত্র ও প্রাক-পরিচয়ের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি, আপনার সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ইতিবাচক মতামত-এর উপর আপনার শিক্ষানবিসকালের সন্তোষজনক সমাপ্তি এবং আপনার চাকুরীর স্থায়ীকরণ নির্ভর করবে।

০২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করে আপনার শিক্ষানবিসকালে চাকুরীর অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকুরী অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

অঃ পৃঃ দ্রঃ/০২

০৩। আপনি যদি কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীতে নিয়োজিত থাকেন, তাহলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ যোগদানের সময় আপনাকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অব্যাহতিপত্র পেশ করতে হবে।

০৪। যোগদানের সময় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর মেডিকেল রিটেইনার বা কোন সিভিল সার্জন-এর নিকট হতে আপনার শারীরিক সুস্থতা (ডোপ টেস্টসহ) সম্বন্ধীয় একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপটেস্টের বিষয়টি পজেটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।

০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৮ অনুযায়ী আপনার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

০৬। চাকুরীতে যোগদান করার জন্য আপনাকে কোন দৈনিক/ভ্রমন ভাতা প্রদান করা হবে না।

০৭। চাকুরীতে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপনার সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও জাতীয়তা/নাগরিকত্ব সনদ-এর ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে। তাছাড়া, লিখিত পরীক্ষার প্রবেশপত্র ও ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সঙ্গে আনতে হবে।

০৮। **পুলিশ কর্তৃক আপনার চরিত্র ও প্রাক-পরিচয় যাচাই করা হবে। এতদবিষয়ক পুলিশ রিপোর্ট সন্তোষজনক না হলে অথবা পরবর্তীতে আবেদনপত্রের তথ্য ভুল বা মিথ্যা বা বিকৃত প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আপনাকে বোর্ডের চাকুরী হতে সরাসরি অপসারণ/বরখাস্ত করা হবে। সেক্ষেত্রে অত্র নিয়োগপত্র আপনার চাকুরী প্রাপ্তির দাবী প্রতিষ্ঠিত করবে না।**

০৯। উপরি-উক্ত শর্তাবলীর সাথে সম্মত হলে আগামী **২৫-১১-২০২০ খ্রিঃ** তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কর্মচারী প্রশাসন পরিদপ্তর, সদর দপ্তর ভবন (২য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ যোগদান করতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

**বি: দ্র: কোন প্রার্থীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে নিয়োগপত্র না পৌঁছলে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাগজাদিসহ যোগদানের জন্য ২৫-১১-২০২০ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মাধ্যমে কর্মচারী প্রশাসন পরিদপ্তরে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো।**

27-11-2020

(মুহাম্মদ খালেদ হোসেন)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), বাপবিবো, ঢাকা। → **নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ২৬-১১-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

০৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন), বাপবিবো, ঢাকা।

বিতরণঃ

০১। নোটিশ বোর্ড।